

“আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫ - ৩৬০

তারিখঃ ২৫/০৯/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ খেলাপী ঋণের বছরভিত্তিক তথ্য প্রদান এবং খেলাপী আদায় জোরদারকরণ বিষয়ক পত্রের ছক স্পষ্টীকরণ সংক্রান্ত।

সূত্রঃ ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫-৩২২ তারিখঃ ২৩/০২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঋণ কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত ৯ম স্টিয়ারিং কমিটির সভায় (১৩.০৮.১৭ তারিখে অনুষ্ঠিত) সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ও জেলার বছরভিত্তিক খেলাপীর তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের লক্ষ্যে নির্ধারিত ছকে তথ্য প্রেরণসহ খেলাপী আদায় জোরদার করার জন্য সূত্রোক্ত পত্র মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে। লক্ষ্য করা গেছে সূত্রোক্ত পত্রের সাথে সংযোজিত ছকটি পূরণে মাঠ পর্যায়ে কিছু বিভ্রান্তি রয়েছে। কাজেই ছকটিকে সহজেই অনুধাবনের লক্ষ্যে নিম্নোক্তভাবে অধিকতর স্পষ্টীকরণ করা হলো এবং তথ্যাদি প্রেরণের সময়সীমা ৩১/১০/১৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলোঃ

জেলার নামঃ

নং	উপজেলার নাম	অর্থবছর	খেলাপী আসল						আদায় না হওয়ার কারণ	
			৩ বছরের বেশি সময় আদায়ই হয়নি এমন		খেলাপী অথচ ৩ বছরের মধ্যে মাঝে মাঝে আদায় হচ্ছে এমন		অর্থবছরে মোট খেলাপী			ক্রমপঞ্জিত সংশ্লিষ্ট বছর পর্যন্ত
			খেলাপী অবশিষ্ট	ঋণী সংখ্যা/কেন্দ্র সংখ্যা	খেলাপী অবশিষ্ট	ঋণী সংখ্যা/কেন্দ্র সংখ্যা	টাকা ৪+৬	ঋণী সংখ্যা/কেন্দ্র সংখ্যা ৫+৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১.	মোট									

- ছকে শুধুমাত্র মাঠে প্রাপ্য (অবশিষ্ট) খেলাপী ঋণের তথ্য থাকবে, আদায়ের কোন তথ্যের প্রয়োজন নাই।
- ৩ বছরের বেশি সময় আদায়ই হয়নি বলতে, সর্বশেষ ৩০.০৬.১৪ তারিখের মধ্যে যে সমস্ত ঋণী খেলাপীতে যুক্ত হয়েছে, সে সকল ঋণের মধ্যে যাদের বিগত ৩ বছরে অর্থাৎ ৩০.০৬.১৪ হতে ৩০.০৬.১৭ তারিখ পর্যন্ত কোন প্রকার কিস্তি আদায় হয়নি সে সংখ্যক ঋণী এবং তাদের বিপরীতে অবশিষ্ট মোট টাকার পরিমাণ বুঝাবে।
- যে সমস্ত ঋণী সর্বশেষ ৩০.০৬.১৪ তারিখের মধ্যে খেলাপী হয়েছে এবং ৩০.০৬.১৭ তারিখের মধ্যে মাঝে মাঝে কিস্তি প্রদান করছে সেসব ঋণীর সংখ্যা এবং এদের বিপরীতে (অবশিষ্ট) খেলাপী টাকার মোট পরিমাণ বুঝাবে।
- ৩০.০৬.১৪ এর পর যে সমস্ত ঋণ খেলাপীতে যুক্ত হয়েছে তাদের তথ্যের প্রয়োজন নাই, কেননা এ সকল ঋণ সমসাময়িক বিধায় নিবিড় যোগাযোগের মাধ্যমে সমুদয় প্রাপ্য আদায় সম্ভব হবে মর্মে বিবেচনা নেয়া হয়েছে। কাজেই সমুদয় খেলাপী বিশেষ করে বর্ণিত সময়ের খেলাপী আদায়ে কার্যকরী উদ্যোগ গ্রহণের মাধ্যমে বছর শুরুর নির্দেশিত খেলাপী আদায়ের লক্ষ্য অর্জন নিশ্চিত করতে হবে।
- অর্থবছরে খেলাপী টাকা ও জন বলতে বিবেচ্য বছরে যে কয়জন ঋণী খেলাপীতে যুক্ত হয়েছে তাদের মোট সংখ্যা এবং তাদের বিপরীতে প্রাপ্য (অবশিষ্ট) খেলাপী মোট টাকার যোগফলকে বুঝাবে।
- ক্রমপঞ্জিত খেলাপী বলতে শুরুর হতে বিবেচ্য বছর পর্যন্ত সমুদয় (অবশিষ্ট) খেলাপীর যোগফলকে (ঋণী ও টাকা) বুঝাবে।
- ছকে বর্ণিত তথ্য প্রদানের জন্য প্রতিটি উপজেলাকে খেলাপী ঋণীদের ঋণীভিত্তিক তালিকা ও প্রয়োজনীয় তথ্যাদি প্রস্তুতপূর্বক তৎভিত্তিতে ছকে তথ্য প্রদান করতে হবে এবং তালিকা পরবর্তী নিরীক্ষার জন্য যথাযথভাবে সংরক্ষণ রাখতে হবে।
- ১১নং কলামে খেলাপীর মূল কারণগুলো সংক্ষেপে উল্লেখ করতে হবে।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অবশ্যই ২৪.১০.১৭ তারিখের মধ্যে জেলায় প্রতিবেদন পাঠাতে হবে। কোনভাবেই উপজেলার তথ্য বর্ণিত ই-মেইলে/হার্ড কপি যোগে প্রধান কার্যালয়ে পাঠানো যাবে না। জেলা কার্যালয়কে তার আওতাধীন উপজেলার রিপোর্ট নির্ধারিত তারিখের মধ্যে সংগ্রহ করে বর্ণিত ছকে সমন্বিত করে জেলার মতামত, প্রস্তাবনা ও সুপারিশসহ প্রধান কার্যালয়ে ই-মেইল যোগে (addydpe@gmail.com) এবং হার্ড কপি পাঠাতে হবে। সমন্বিত প্রতিবেদনের সাথে উপজেলার প্রতিবেদন সংযুক্তির প্রয়োজন নাই, উহা জেলায় সংরক্ষিত থাকবে।

(মোঃ শাহীনের রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

ফোনঃ ৯৫১৫০১৯

Email-addydpe@gmail.com

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল) উপজেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫

তারিখঃ /০৯/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ

- উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,(সকল) জেলাকে অনুচ্ছেদ ‘ঝ’ এর নির্দেশনা যথাযথ প্রতিপালন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- দপ্তর নথি।

(মোঃ শাহীনের রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)